

2017

BENGALI
(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) সপ্তাহের কোন্ বারে 'জ্ঞানতরঙ্গিনী সভা'র অধিবেশন আয়োজিত হত?
- (খ) “কর্তা বোধ করি এখনো বাড়ীর ভেতর থেকে বেরোননি। (উচ্চস্বরে) ওরে বোদে।” এই ‘বোদে’র প্রকৃত নাম কী?
- (গ) “ও মা, ছি! ইংরিজী পড়লে কি লোক এত বেহায়া হয় গো।” কার উক্তি?
- (ঘ) “একে কি কেউ খেলা বলে? তুই আমার টেক্কার উপর বিবি দিলি।” নবকুমারদের বাড়ির অন্দরমহলের মহিলারা কোন্ ‘খেলা’ খেলছিল?
- (ঙ) ‘শ্রীমদ্ভাগবদ্গীতা’ উচ্চারণ করতে কালীনাথ কী উচ্চারণ করেছিল?

- (চ) প্রতাপাদিত্যের পিতার নাম কী ?
- (ছ) “পরম্পরায় শুনা গেল, সেনাপতি মশাইয়ের ঘরে চোর পড়েছিল।” “সেনাপতি মশাই” বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (জ) ধনঞ্জয় বৈরাগীর নিবাস কোথায় ছিল ?
- (ঝ) “আজ রাতে আমি রামচন্দ্রের ছিন্ন মুণ্ড দেখতে চাই।” প্রতাপাদিত্য কাকে রামচন্দ্রকে হত্যার আদেশ দিয়েছিলেন ?
- (ঞ) রামমোহন বিহার জন্য কী উপহার এনেছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) কালীনাথের পরম বৈষ্ণব খুড়োর নাম কী ? তিনি কোথায় মৃত্যুবরণ করেছিলেন ?
- (খ) নবকুমার ও কালীনাথের আগমনের দেরি দেখে ‘জ্ঞানতরঙ্গিনী সভা’র অধিবেশনের চেয়ারম্যান হিসেবে কার নাম প্রস্তাব করা হয়েছিল ? কে প্রস্তাব করেছিলেন ?
- (গ) “অন্তঃপুরের প্রহরীদের এখনই ডেকে নিয়ে এসো। অন্তঃপুরের পাহারায় কে কে ছিল ?” প্রতাপাদিত্যের অন্তঃপুরের দুই প্রহরীর নাম লেখো।
- (ঘ) “আমাদের মহারাজের ভয়ে যম কাঁপে, কিন্তু ওঁর ভয়ডর নেই। যাতে তাঁরই উপরে সব রাগ পড়ে তিনি ইচ্ছে করেনই যেন তার জোগাড় করছেন।” বক্তা কে ? কার সম্বন্ধে এ কথা বলা হয়েছে ?
- (ঙ) পিতুরাজ্য পরিত্যাগ করে উদয়াদিত্য কোন্ স্থানে যাত্রা করেছিলেন ? কে তাঁর সঙ্গী হয়েছিলেন ?

৩। ‘ক’ গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং ‘খ’ গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক—গুচ্ছ

- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের ‘সারজন’ চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) ‘একেই কি বলে সভ্যতা’র দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় গর্ভাঙ্ক অবলম্বনে নবকুমারদের বাড়ির অন্দরমহলে রঙ্গ-রসিকতার যে সুনিপুণ পরিচয় ফুটে উঠেছে তার বর্ণনা দাও।
- (গ) ‘জ্ঞানতরঙ্গিনী সভা’র অধিবেশন দৃশ্যটি আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) প্রতাপাদিত্য জামাতা রামচন্দ্রকে হত্যা করতে চেয়েছিলেন কেন ? রামচন্দ্র কীভাবে প্রাণ রক্ষা করতে সমর্থ হয়েছিলেন তা আলোচনা করো।
- (খ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে রামমোহন মালের চরিত্র বিশ্লেষণ করো।
- (গ) “আর এই আমাদের রাজা। ওকে রাজা বলতে চাই, বন্ধু বলে ফেলি।” কে এই উক্তি করেছিলেন ? কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছিল ? বক্তা তাঁকে ‘রাজা’ বলতে গিয়ে ‘বন্ধু’ বলে ফেলেন কেন ? সংক্ষেপে আলোচনা করো।

- 8। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের
উত্তর দাও : ১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) “‘একেই কি বলে সভ্যতা’ মাত্র এক দিনের ঘটনা লইয়া লিখিত হইয়াছে।” সমালোচকের এই মন্তব্যের সার্থকতা বিচার করো।
- (খ) “‘একেই কি বলে সভ্যতা’র মধ্যে সমগ্র ‘ইয়ং বেঙ্গল’ সমাজ মাইকেলের বর্ণনীয় বিষয়।” সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে এই প্রহসনে প্রতিফলিত সমাজচিত্রের আলোচনা করো।
- (গ) “আজ কি কুলগ্নেই বাড়ী থেকে বেরয়েছিলেন।” ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের বৈষম্য বাবাজির দুরবস্থার কথা ব্যক্ত করো।
- (ঘ) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনটিতে হাস্যরস সৃষ্টিতে লেখকের পারদর্শিতার পরিচয় দাও।

খ—গুচ্ছ

- (ক) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের উদয়াদিত্য ও বিভার আখ্যানের মাধ্যমে ভাই-বোনের সম্বন্ধের যে পরিচয় উদ্ভাসিত হয়ে উঠেছে তা আলোচনা করো।
- (খ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- (গ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকের বসন্ত রায় চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঘ) “নিষ্ঠুর পশুশক্তির সহিত মানুষের অহিংস আত্মিক শক্তির দ্বন্দ্ব হইতেই আলোচ্য নাটকের প্রাণবন্ত গড়িয়া উঠিয়াছে।” ‘প্রায়শ্চিত্ত’ নাটক সম্বন্ধে সমালোচকের এই মন্তব্যের আলোকে নাটকটির আখ্যানভাগ বিশ্লেষণ করো।
